



দেশ অশান্ত করার পেছনে ভারত জড়িত: কর্নেল অলি



কর্নেল অলি। ছবি: সংগৃহীত

রাজশাহীর ঐতিহাসিক মাদ্রাসা ময়দানে ১১ দলীয় এক্ষের সমাবেশে এলডিপি চেয়ারম্যান ও অবসরপ্রাপ্ত কর্নেল অলি আহমদ (বীর বিক্রম) বাংলাদেশ-ভারত সম্পর্ক ও দেশের অভ্যন্তরীণ পরিস্থিতি নিয়ে কঠোর মন্তব্য করেছেন।

তিনি অভিযোগ করেন, বাংলাদেশকে অস্থিতিশীল করার জন্য ভারত নতুন কৌশল নিচ্ছে। অতীতের রাজনৈতিক প্রেক্ষাপট ও সীমান্ত পরিস্থিতির প্রসঙ্গ টেনে তিনি বলেন, তখনকার সময় পরিস্থিতি নিয়ন্ত্রণে থাকলেও এখন পরিস্থিতি ভিন্ন দিকে যাচ্ছে।

গণভোট বাস্তবায়ন, জনদুর্ভোগ কমানো এবং পদ্মার পানির ন্যায্য হিস্যার দাবিতে আয়োজিত এ সমাবেশে তিনি বিদেশি প্রভাব ও অভ্যন্তরীণ সহযোগীদের কঠোর সমালোচনা করেন। তার দাবি, এসব কারণে দেশ দীর্ঘদিন ধরে ক্ষতির মুখে পড়েছে এবং তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া প্রয়োজন।

অলি আহমদ আরও বলেন, দেশের অর্থনীতি চাপের মধ্যে রয়েছে, বিনিয়োগ কমছে, প্রতিষ্ঠান গুটিয়ে নিচ্ছে এবং বেকারত্ব বাড়াচ্ছে। পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতি ও চাঁদাবাজির অভিযোগ তুলে তিনি সরকারের প্রতি কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামীর আমির ও সংসদে বিরোধী দলীয় নেতা ডা. শফিকুর রহমান।